দৈনিক ইনকিলাব

তারিখ 27.6.88
পৃষ্ঠা ... কলাম ...

27 JUN 1988



# শিক্ষা ব্যবস্থায় মৌলিক পরিবর্তন করা হবে

## —— এরশাদ

রাষ্ট্রপতি এরশাদ বলেছেন, সরকার দেশের চাহিদার উপযোগী করার জন্যে শিক্ষা ব্যবস্থায় মৌলিক পরিবর্তন করতে সংকল্পবদ্ধ।

বাসস জানায়, গতকাল রোববার মীরপুরে প্রাথমিক শিক্ষক ভবনের উদ্বোধনকালে রাষ্ট্রপতি বলেন, শিক্ষকদের সহযোগিতায় সরকারের এই লক্ষ্য অর্জিত হবে। তিনি বলেন, 'আমরা শিক্ষিত জাতি গড়তে চাই এবং এ জন্যে আমার নিজের তরফ থেকে সম্ভাব্য সব ধরনের সহযোগিতা থাকবে। আশা করি, শিক্ষকরাও তাদের নিবেদিত ... দেবেন। রাষ্ট্রপতি এরশাদ দু'তিন ...

মধ্যে বর্তমান শিক্ষার হার ২০ ভাগ থেকে ৪০ ভাগে উন্নীত করার ব্যাপারে শিক্ষকদের সহযোগিতার কথা উল্লেখ

## শিক্ষা ব্যবস্থায়

*প্রথম পৃষ্ঠার পর*

র্জনে অবকাঠামোগত সুবিধা দেবেন।

আগামী অর্থবছরের বাজেটের হেতুক সমালোচনার কথা উল্লেখ করে ষ্ট্রপতি বলেন, সরকার এই খাতে র্বোচ্চ ১১৬০ কোটি টাকা বরাদ্দ য়েছেন। তিনি বলেন, বাজেটের মালোচনার পাশাপাশি কিছু লোক দেশী সাহায্য গ্রহণের ব্যাপারে প্রশ্ন লেছেন। একই সাথে তারা কর ারোপেরও বিরোধিতা করেছেন।

রাষ্ট্রপতি বলেন, জাপান, পশ্চিম ার্মানী ও কোরিয়ার মত বিশ্বের বহু ন্নত দেশও তাদের দেশের উন্নয়নের নে্য বিদেশী সাহায্য গ্রহণ করে থাকে। প্রসঙ্গে তিনি গ্রুপ-৭৭-এর গঠনের কথা ল্লেখ করে বলেন, উন্নয়নশীল দশগুলোর এই গ্রুপ উন্নয়নের ক্ষেত্রে াদের সাহায্য করার লক্ষ্যে উন্নত দশগুলোর প্রতি চাপ দেয়ার জন্যে কত্রিত হয়েছে। তিনি বলেন, এটাই কৃত ঘটনা যে, উন্নয়নশীল দেশগুলো াদের উন্নয়নের জন্যেই বিদেশী সাহায্য নয়ে থাকে। তা না হলে উন্নত দেশের াছ থেকে সাহায্যের প্রত্যাশায় তারা এ রনের গ্রুপ গঠন করতো না।

রাষ্ট্রপতি বলেন, প্রাথমিক শিক্ষার ার্যকারিতার ওপর জাতির সাক্ষরতার ার নির্ভর করার কারণে সরকার াথমিক শিক্ষার ওপর জোর দিয়েছেন। তনি শিক্ষকদের সমাজের সচেতন মহল শেষে আখ্যায়িত করে বলেন, এ ারণেই ভবিষ্যৎ বংশধরদের শিক্ষার যোগ দেয়ার জন্যে তাদের সর্বাত্মক